

১.১  
১-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য মন্ত্রণালয়  
প্রশাসন-৪ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.moi.gov.bd](http://www.moi.gov.bd)

বিষয়: তথ্য মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ সালের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর ২০১৯) অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব কামরুন নাহার, সচিব।

তারিখ : ১২/০১/২০২০ খ্রি:

সময় : বেলা ১২.৩০ মিনিট

স্থান : সভাকক্ষ

উপস্থিতি : পরিশিষ্ট-ক তে দেখানো হয়েছে।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং তথ্য মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ সালের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর ২০১৯) অগ্রগতির প্রতিবেদন উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিবকে আহ্বান জানান। অতিরিক্ত সচিব তথ্য মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক ২০১৯-২০২০ সালের কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর ২০১৯) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করেন। সভাপতি নৈতিকতা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

১। তথ্য মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ সালের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর ২০১৯) অগ্রগতি প্রতিবেদন অনুমোদন করা হয়। উক্ত প্রতিবেদন নির্ধারিত সময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।


২। অধীনস্থ দপ্তর/সংস্থার ২০১৯-২০২০ সালের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে।

৩। তথ্য মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ সালের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আইটেম ৫.১ অনুযায়ী নিম্নবর্ণিত উত্তম চর্চার তালিকা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

(ক) তথ্য মন্ত্রণালয়ের ওয়াশরুমসমূহ মানসম্মত নয়। এগুলোকে সংস্কার করে স্বাস্থ্য সম্মত করা।

(খ) মহিলাদের নামাজের এবং ব্রেস্ট ফিডিং এর জন্য একটি কর্ণার প্রতিষ্ঠা করা।

০৪। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
১২/০১/২০২০  
(কামরুন নাহার)  
সচিব